ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৯০১
খোয়াই, ১৮ সেপ্টেম্বর, ২০২৫

## খোয়াই জিলা পরিষদের সামাজিক ন্যায় বিচার বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত

খোয়াই জিলা পরিষদের কনফারেন্স হলে সম্প্রতি জিলা পরিষদের সামাজিক ন্যায় বিচার বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সামাজিক ন্যায় বিচার বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি বর্ষা দেববর্মা (শীল)। বৈঠকে উপস্থিত ছিলেন, জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায় (দত্ত), সহকারী সভাধিপতি সত্যেন্দ্র চন্দ্র দাস, সদস্য রঞ্জিত কুমার সরকার, খোয়াই পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান টিংকু ভট্টাচার্য প্রমুখ। বৈঠকে স্থায়ী কমিটির সভাপতি বর্ষা দেববর্মা বলেন, খোয়াই জেলার বিভিন্ন ব্লক এলাকায় মানুষের আর্থ সামাজিক মান উন্নয়নে ও শিক্ষা সম্প্রসারণে রাজ্য সরকার কাজ করছে। তাই সরকারের প্রতিটি উন্নয়নমূলক কাজ সততা ও নিষ্ঠার সাথে সম্পন্ন করতে হবে। বৈঠকে জেলা সমাজকল্যাণ ও সমাজশিক্ষা আধিকারিক জানান, জেলার বিভিন্ন ব্লক এলাকায় ১০৭৭ টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র রয়েছে। বৈঠকে জেলা ওয়েলফেয়ার অফিসারের কার্যালয়ের মাধ্যমে জেলার বিভিন্ন ব্লক এলাকায় চলমান উন্নয়নমূলক কাজের যাবতীয় তথ্য জিলা পরিষদকে প্রদান করার জন্য ও জিলা পরিষদের সাথে সমন্বয় রেখে কাজ করার জন্য জিলা সভাধিপতি সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের পরামর্শ দেন। বৈঠকে উপস্থিত ছিলেন জেলা কল্যাণ আধিকারিক, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা কার্যালয়ের আধিকারিক এবং মহিলা কমিশনের প্রতিনিধি মমিতা দেববর্মা প্রমুখ।

*****